# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 15 April, 2025

ঝালকাঠির রাজাপুর উপজেলায় ২০২৪-২৫ অর্থবছরের খরিপ-১/২০২৫-২৬ মৌসুমে উফশি আউশ চাষে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (১৫ এপ্রিল) সকাল ১০টায় উপজেলা কৃষি অফিস চত্বরে এক অনুষ্ঠানের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা মোসা: শাহিদা শারমিন আফরোজ।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রাহুল চন্দ।

অনুষ্ঠানে কৃষি কর্মকর্তা মোসা: শাহিদা শারমিন আফরোজ বলেন, আমরা চাই, রাজাপুরের প্রতিটি কৃষক আধুনিক প্রযুক্তিনির্ভর চাষাবাদে অভ্যস্ত হোক এবং নিজের জমিতে বেশি ফলন তুলতে সক্ষম হোক।এই বীজ ও সার বিতরণ তারই একটি ধাপ।'কৃষি ক্ষেত্রে যে বিপ্লব ঘটেছে, তারই ধারাবাহিকতায় আজকের এ প্রণোদনা।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার রাহুল চন্দ বলেন, "সরকারের লক্ষ্য কৃষকদের উৎপাদন খরচ কমিয়ে বেশি ফলন নিশ্চিত করা।এই প্রণোদনা কর্মসূচির মাধ্যমে আমাদের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা লাভবান হবেন।কৃষিকে এগিয়ে নিতে হলে সবাইকে একসাথে কাজ করতে হবে, কৃষি অফিস, প্রশাসন ও কৃষকের মধ্যে সমন্বয় প্রয়োজন।'

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোহাম্মদ আবদুল্লাহ, রাজাপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. ইসমাইল হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও শতাধিক কৃষক-কৃষাণী।

অনুষ্ঠানে জানানো হয়, এ কর্মসূচির আওতায় উপজেলার ছয়টি ইউনিয়নের মোট ১ হাজার ৯৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে পর্যায়ক্রমে উফশি আউশ চাষের জন্য বিভিন্ন প্রকার উন্নত জাতের বীজ ও সার বিনামূল্যে বিতরণ করা হবে।অনুষ্ঠানে উপস্থিত প্রত্যেক কৃষক ও কৃষাণীর হাতে আনুষ্ঠানিকভাবে এসব উপকরণ তুলে দেওয়া হয়।

বীজ সার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:07

URL: https://www.timestodaybd.com/public/barishal/775807830